পরিচালক মন্ডলীর প্রতিবেদন

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ,

আস্‌সালামু আলাইকুম,

আলহাজ টেক্সটাইল মিলস লিমিটেডের ৪৩তম সাধারণ সভায় কোম্পানীর পরিচালক পর্ষদ এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষ থেকে আপনাদের সকলকে জানাই আন্তরিক কৃতজ্ঞতা, শুভেচ্ছা ও সাদর আমন্ত্রণ জানাচ্ছি। কোম্পানী আইন-১৯৯৪ এর ১৮৪ ধারা ও বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ রুলস ১৯৮৭ এর বিধি ১২ (এবং তার আওতাধীন সিডিউল), বিএসইসি কর্তৃক জারীকৃত কর্পোরেট গভর্নেন্স কোড ৩ জুন, ২০১৮ খ্রি. এর নোটিফিকেশনসহ সংশ্লিষ্ট অন্যান্য নোটিফিকেশন ও গাইডলাইন এবং ইন্টারন্যাশনাল একাউন্টিং স্ট্যান্ডার্ডস-১ (IAS-1) কোড অনুসরণ করে আলহাজ টেক্সটাইল মিলস লিঃ এর ৩০ জুন, ২০২৫ খ্রীঃ তারিখে সমাপ্ত আর্থিক বছরের জন্য পরিচালক মন্ডলীর প্রতিবেদন নিম্নে পেশ করা হলো।

বস্ত্রখাতের পরিস্থিতি পর্যালোচনাঃ

টেক্সটাইল বা বস্ত্রখাত হচ্ছে বাংলাদেশে শিল্পখাতসমূহের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ। বস্ত্রখাতে পোশাক তৈরির জন্য প্রয়োজনীয় সুতা ও ফেব্রিক্স (কাপড়) উৎপাদন করা হয় যা দিয়ে দেশের অভ্যন্তরীণ চাহিদা মিটানো হয় এবং রপ্তানিমুখী পোশাক উৎপাদনে ব্যবহার করা হয়। তাই সুতা উৎপাদনে স্পিনিং সেক্টরের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। স্পিনিংয়ের পণ্যগুলো হচ্ছে তুলার সুতা, পলিয়েস্টার সুতা এবং সিনথেটিক সুতা যা বিশেষায়িত বস্ত্র, হ্যান্ডলুম ও হোসিয়ারী পণ্য উৎপাদনে ব্যবহার করা হয়। দেশে উৎপাদিত সুতার প্রায় ৫০% তুলার সুতা। তাছাড়া, রপ্তানি চাহিদার প্রায় ৫০% ফেব্রিক্স বেসরকারী খাতের স্পিনিং মিলের দ্বারা পূরণ হয়ে থাকে।

২০২৪ খ্রীঃ সালের মাঝামাঝি থেকে অদ্যাবদি বিশ্ব রাজনৈতিক অস্থিরতা ও বাংলাদেশের অর্থনৈতিক এবং রাজনৈতিক অস্থিতিশীলতার জন্য বস্ত্রখাতের চাহিদা ও সরবরাহ তথা উৎপাদন সব কিছুতেই মারাত্মক বিঘ্ন ঘটেছে। এতে করে অন্যান্য ব্যবসা খাতের মত বস্ত্র ও তৈরী পোশাকের উৎপাদন ও রপ্তানি উভয়ই মারাত্মকভাবে বিঘ্নিত হয়। আলহাজ টেক্সটাইল মিলস লিমিটেডের মতো স্পিনিং মিলগুলো তাদের সুতা উৎপাদনের জন্য প্রধানত বিদেশ থেকে তুলা আমদানির উপর নির্ভরশীল। কিন্তু অর্থনৈতিক ও রাজনৈতিক অস্থিতিশীলতার জন্য বিশ্ব ব্যবসা খাতে যে অস্থিতিশীল ও নাজুক পরিস্থিতির সৃষ্টি হয়েছে তার প্রভাব এখনো সম্পূর্ণরূপে কাটিয়ে উঠা সম্ভব হয়নি। তবে সময়ের অগ্রযাত্রায় ধীরে ধীরে পরিস্থিতির কিছুটা উন্নতি হলেও সাম্প্রতিক সময়ে ইরান-যুক্তরাষ্ট্র এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধের তীব্রতর হওয়ার ফলে জ্বালানীর তেলের সংকট ও মূল্যবৃদ্ধি, বিশ্ব বাজার ব্যবস্থা তথা অর্থনৈতির উপর যে অচলাবস্থা শুরু হয়েছে তা সমগ্র বিশ্বের ব্যবসা খাত সহ অন্যান্য সকল খাতে ধস নামার কারণ। ইরান-যুক্তরাষ্ট এবং রাশিয়া-ইউক্রেন যুদ্ধ সহ অন্যান্য কারণে বিশ্বব্যাপী তুলার সরবরাহ কমে যাওয়া, আন্তর্জাতিক পরিবহন ব্যবস্থায় বিধি-নিষেধসহ সংকটকালীন পরিস্থিতিতে আবশ্যকীয় নানাবিধ কমপ্লায়েন্স প্রতিপালনের কারণে শিপিং কস্ট বৃদ্ধি এবং সাপ্লাই চেইন ব্যাহত হওয়ার ফলে গ্লোবাল মার্কেটে সুতার উৎপাদন খরচের বৃদ্ধি ঘটে। এর ফলে স্পিনিং মিলগুলোর পারফরমেন্সে মিশ্র প্রতিক্রিয়া দেখা দেয়। যেসব মিল তুলা আমদানির মাধ্যমে বৃহৎ পরিমাণের মজুত গড়ে তুলেছিল তারা বেশ লাভবান হয়। আলহাজ টেক্সটাইল মিলস লিমিটেডের স্থানীয় বাজার থেকে তুলা ক্রয়ের মাধ্যমে উৎপাদন অব্যাহত রেখে অদ্যাবধি মিলটি প্রতিযোগিতামূলক বাজারে সুনামের সাথে পরিচালিত হচ্ছে। তবে আশার কথা হচ্ছে, বর্তমানে বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি সার্কুলার নং-৪১ অনুসারে ১০০% মার্জিনে (নিজস্ব অর্থায়নে) তুলার আমদানীর চেষ্টা চলছে।

কোম্পানীর অপারেশনাল কার্যক্রমঃ

আলহাজ টেক্সটাইল মিলস লিমিটেড কেবলমাত্র তুলা থেকে সুতা উৎপাদন করে থাকে- যাহা ৮০/১, ৭৪/১, ৬৪/১, ৬০/১, ৫৪/১, ৫০/১, ২০/১, ১০/১ ইত্যাদি বিভিন্ন কাউন্টের হয়ে থাকে। আলোচ্য বছরে মিলের উৎপাদন ক্ষমতা এবং প্রকৃত উৎপাদনের সাথে পূর্ববর্তী বছরের তুলনামূলক বিবরণী নিম্নে উদ্ধৃত হলোঃ

তুলনামূলক কার্যক্রমঃ

বিবরণ	২০২৪-২০২৫	২০২৩-২০২৪
২.১। স্থাপিতঃ		
স্পিন্ডলস্ এর সংখ্যা	২০,১৬০ টি	২০,১৬০ টি
রোটর হেডস্ এর সংখ্যা	৮০০	৮০০
২.২। স্থাপিত উৎপাদন ক্ষমতা (পাঃ)		
৩২ কনভার্টেড সিঙ্গেল কাউন্ট (রিং ইয়ার্ন)	৫,৩৮৮	৫,৩৮৮
৩২ কনভার্টেড সিঙ্গেল কাউন্ট (ওপেন এন্ড)	২১৩	২১৩
মোট ঃ	৫,৬০১	৫,৬০১
২.৩। প্রকৃত উৎপাদন (পাঃ)		
৩২ কনভার্টেড সিঙ্গেল কাউন্ট (রিং ইয়ার্ন)	২৯৮৩	৩,০৮০
৩২ কনভার্টেড সিঙ্গেল কাউন্ট (ওপেন এন্ড)	৬৩	৫৩
মোট ঃ	৩,০৪৬	৩,১৩৩

২.৪। উৎপাদন দক্ষতা (%)		
৩২ কনভার্টেড সিঙ্গেল কাউন্ট সমতুল্য (রিং ইয়ার্ন)	৫৫.৩৬%	৫৭.১৬%
৩২ কনভার্টেড সিঙ্গেল কাউন্টে সমতুল্য(ওপেন এন্ড)	২৯.৫৮%	২৪.৮৮%
২.৫। ফিনিসড্ ইয়ার্ণ (পাঃ)		
৩২ কনভার্টেড সিঙ্গেল কাউন্ট সমতুল্য ফিনিসড্ স্পার্ন ইয়ার্ণ	১৬৬৯	২০১৮
৩২ কনভার্টেড সিঙ্গেল কাউন্টে সমতুল্য (ফিনিস্ড ওপেন এন্ড)	২৭	২৭
মোট ঃ	১,৬৯৬	২,০৪৫
প্রকৃত কার্যদিবসঃ	২৮৩ দিন	৩০৭দিন

আলোচ্য বছরে পূর্ববর্তী বছর বা বছরগুলোর তুলনায় মিলের উৎপাদন জনিত প্রয়োজনীয় তথ্যাদি নিম্নে উদ্ধৃত করা হলোঃ

কষ্ট অব গুডস্ সোল্ড, গ্রস প্রফিট মার্জিন এবং নীট প্রফিট মার্জিন, বিক্রিত পণ্যের ব্যয় বিশ্লেষণ, মোট প্রান্তিক মুনাফা এবং নীট প্রান্তিক মুনাফা:

বিবরণ	৩০শে জুন'২০২৫		৩০শে জুন'২০২৪	
	পরিমাণ (টাকা)	পরিমাণ (%)	পরিমাণ (টাকা)	পরিমাণ (%)
কষ্ট অব গুডস সোল্ড	৩৪১,১২৯,৫৭৫	১০৩.৩৫%	৩৫৯,৪৫৪,৭৫৩	১১৬.১৬%
গ্রস প্রফিট মার্জিন/ক্ষতি	(১১,০৬০,৮৭৫)	(৩.৩৫%)	(৫০,০১২,৩৩১)	(১৬.১৬%)
নীট প্রফিট মার্জিন/ক্ষতি	(৩৬,৫০১,১৩১)	(১১.০৬)%	২২৪,৫২৩,৮৮৩	৭২.৫৬%

উৎপাদন ব্যয়ঃ

খাতওয়ারী ব্যয়ের পরিমাণ

বিবরণ	২০২৪-২০২৫	২০২৩-২০২৪	২০২২-২০২৩
সুতার প্রকৃত উৎপাদন (পাঃ)	১,৬৩০,৪২৫	১,৭০৫,৭২৮	২,৩৬২,২৩৭
৩২ সিঙ্গেল কাউন্ট গড়ে উৎপাদন (পাঃ)	৩,০৪৬,১৮৩	৩,১৩২,৯৭৭	৪,৫২২,৫৮০

খাতওয়ারী উৎপাদন ব্যয় সমূহ-			
কাঁচা তুলার ব্যবহার (পাঃ)	১,৮২০,৯৮৭	১,৮৭০,৫৪৩	২,৫৫৭,৬৩৫
(ক) কাচাঁ তুলার মূল্য (টাঃ)	২০২,৯০৭,২১৮	২১৪,১৫৬,৯৯৮	৩৩০,১২৪,০৫০
(খ) অন্যান্য উৎপাদন খরচ (টাঃ)			
ফ্যাক্টরী সেলারী ও মজুরী	৩৪,৪০৮,৪৯০	৩৮,৯৫৩,১৪৭	৪১,৩৩২,৭৮২
প্যাকিং ম্যাটারিয়ালস	৪,৬৬৫,৭০৪	৪,৬০৩,৬৩৩	৬,৭৪৪,৩৩২
খুচরা যন্ত্রাংশ	৪,৮০৩,২৯৩	২,৬৫৭,০০৬	৮,১৯৮,০০৫
বিদ্যুৎ খরচ	৯,১২৫,২২০	১৩,৮৪৬,৩৭৪	১৭,৯১৩,১৮৫
গ্যাস খরচ	৪৮,৩৯৯,৫৯৫	৪৫,০২৬,২৬৩	৩৯,৯৩৫,৬৭০
গ্যাস জেনারেটর পরিচালনা খরচ	-	-	-
অবচয়	৫,১১৬,৪৯৩	৪,৯৫৪,৯৬৪	১০,৬১৩,৫৫০
বীমা খরচ	১,৪৫৭,৯২৭	৫৭৮,১১৫	২,৪৮৬,২৭৭
অন্যান্য বাবদ	২,৫৭৭,৩৫১	২,৬৭৭,৩৮০	২,৪০০,১৩০
মোট অন্যান্য উৎপাদন খরচ	১১০,৫৫৪,০৭৩	১১৩,২৯৬,৮৮২	১২৯,৬২৩,৯৩১
মোট উৎপাদন খরচ (ক+খ)	৩১৩,৪৬১,২৯১	৩২৭,৪৫৩,৮৮০	৪৫৯,৭৪৭,৯৮১
প্রতি পাউন্ডে খরচ-			
(ক) কাচাঁ তুলার মূল্য প্রতি পাঃ (টাঃ)	৬৪.৭৩	৬৮.৩৬	৭২.৯৯
(খ) অন্যান্য উৎপাদন খরচ-			
ফ্যাক্টরী সেলারী ও মজুরী	১০.৯৮	১২.৪৩	৯.১৪
প্যাকিং ম্যাটারিয়ালস	১.৪৯	১.৪৭	১.৪৯
খুচরা যন্ত্রাংশ	১.৫৩	০.৮৫	১.৮১
বিদ্যুৎ খরচ	২.৯১	৪.৪২	৩.৯৬
গ্যাস খরচ	১৫.৪৪	১৪.৩৭	৮.৮৩

অবচয়	১.৬৩	১.৫৮	২.৩৫
বীমা খরচ	০.৪৭	০.১৮	০.৫৫
অন্যান্য বাবদ	০.৮২	০.৮৫	০.৫৩
মোট অন্যান্য উৎপাদন খরচ	৩৫.২৭	৩৬.১৬	২৮.৬৬
মোট উৎপাদন খরচ (ক+খ)	১০০	১০০	১০০

বিপণন কার্যক্রম-			
বিবরণ	**২০২৪-২০২৫**	**২০২৩-২০২৪**	**২০২২-২০২৩**
বিক্রয়ের পরিমাণ (পাঃ)	১,৭৯৫,৫২৯	১,৮১০,১২৩	১,৬৭১,৯২৬
বিক্রয় লব্ধ আয় (টাঃ)	৩৩০,০৬৮,৭০০	৩০৯,৪৪২,৪২২	৩১৮,৬৫০,২৬৯
বিক্রয় মূল্য প্রতি পাঃ (টাঃ)	১৮৩.৮৩	১৭০.৯৫	১৯০.৫৯

উপর্যুক্ত তথ্যাবলি হতে দেখা যায় যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে বিক্রয়মূল্য ছিল ৩০৯.০০ মিলিয়ন টাকা যা আলোচ্য বছরে ৩৩০.০০ মিলিয়ন টাকা। আলোচ্য বছরে বিক্রয়মূল্য (৭%) বৃদ্ধি পেয়েছে। ইপিএস (১.৬৪) টাকা এবং প্রতি শেয়ার নীট এ্যাসেট ভ্যালু ১৬.৩৮ টাকা হয়েছে।

ঝুঁকি ও উদ্বিগ্নতার বিষয়ঃ

যে কোন বিনিয়োগেই কিছু না কিছু ঝুঁকি ও উদ্বিগ্নতার বিষয় থাকে। টেক্সটাইল সেক্টরের সকল শিল্পের ব্যবসার সাথে সংশ্লিষ্ট যে সকল ঝুঁকি ও উদ্বিগ্নতার বিষয় আছে তা নিম্নে বর্ণনা করা হলো:

(ক) বৈদেশিক মুদ্রার বিনিময় হার ঝুঁকিঃ

সুতা উৎপাদনকারী মিল হিসাবে মিলের উৎপাদন কাঁচাতুলা প্রাপ্তির উপর নির্ভরশীল। সম্পূর্ণ আমদানি নির্ভর হওয়ায় আন্তর্জাতিক বাজার মূল্য এবং বাংলাদেশী টাকা ও ইউএস ডলার এর বিনিময় হার দ্রুত পরিবর্তন হওয়ায় কাঁচাতুলার মূল্য পরিবর্তন হয়।আমদানীকৃত কাঁচাতুলার মূল্য তারতম্যের ফলে আর্থিক ক্ষতির ঝুঁকি থাকে।

(খ) চাহিদা সংক্রান্ত ঝুঁকিঃ

সুতা শিল্পের ভবিষ্যৎ আশাব্যাঞ্জক। তবে অর্থনৈতিক ব্যবস্থার দূর্বলতার কারণে তাতঁ শিল্প ও গার্মেন্টেস এর উৎপাদন ক্রমান্বয়ে কমে যাওয়ার ফলে এবং বন্ডেড ওয়ারহাউজের মাধ্যমে শুল্কমুক্ত সুতা ও বিভিন্ন পথে আসা বিদেশী সুতা বাজারে সহজপ্রাপ্য হওয়ার কারণে সুতার চাহিদা হ্রাস পাওয়ায় ঝুঁকির আশংকা থাকে। তবে আরএমজি শিল্পের অগ্রগতি অব্যাহত থাকলে এই সংক্রান্ত ঝুঁকি কম হতে পারে বলে আমরা ধারণা করছি।

(গ) বিদ্যুৎ ও গ্যাসের মূল্যের উঠানামার ঝুঁকিঃ

নীতি নির্ধারকগণের সিদ্ধান্তের উপর বিদ্যুৎ এবং গ্যাসের নিরবিচ্ছিন্ন সরবরাহ এবং মূল্য নির্ভর করে। সরবরাহের ঘাটতি ও ঘন ঘন গ্যাস ও বিদ্যুৎ এর মূল্য বৃদ্ধি করায় উৎপাদন খরচ বৃদ্ধির ঝুঁকি বা মুনাফা হ্রাসের সম্ভাবনা থাকে।

(ঘ) স্থানীয়ভাবে শ্রমিক সরবরাহকরণ ঝুঁকিঃ

পাকশী এক্সপোর্ট প্রোসেসিং জোন, রূপপুর পারমানবিক বিদ্যুৎকেন্দ্র সহ এই অঞ্চলে আরও অনেক মাঝারী ও ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠান স্থাপিত হওয়ার ফলে দক্ষ শ্রমিকের চাহিদা অনেক বেড়ে গেছে। তাদের পক্ষ থেকে শ্রমিকদের জন্য সুযোগ-সুবিধা উত্তরোত্তর বৃদ্ধি করায় আমাদের মিলের পক্ষে দক্ষ শ্রমিক সংগ্রহ ও ধরে রাখা ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। তবে বিভিন্ন পদক্ষেপের মাধ্যমে শ্রমিক সংগ্রহের ব্যবস্থা অব্যহত রাখা হয়েছে।

(ঙ) কাঁচামালের মূল্য তারতম্য জনিত ঝুঁকিঃ

এই শিল্পের কাঁচামাল একটি আমদানি নির্ভরশীল পণ্য। পরিবর্তনশীল আবহাওয়ার কারণে উৎপাদন ও গুণগত মান এবং পরিমাণে তারতম্য ঘটে। তদুপরি উৎপাদনশীল দেশগুলির ব্যবসায়ীক নীতি পরিবর্তনের কারণে মূল্যের হ্রাস-বৃদ্ধি ঝুকিপূর্ণ হয়ে থাকে।

(চ) কর ও ভ্যাট নীতিঃ

সরকারের কর ও ভ্যাট নীতি নিয়ন্ত্রণকারী সংস্থা কর্তৃক বিধিমালার জটিল ও বিরুপ পরিবর্তন কোম্পানীর জন্য ঝুঁকিপূর্ণ হতে পারে।

(ছ) আর্থিক ঝুঁকিঃ

ব্যাংক ঋণের উচ্চ সুদের হার, বিদ্যুৎ ও গ্যাসের মূল্য বৃদ্ধি ও জ্বালানী তেলের ঘাটতির কারণে আর্থিক ক্ষতির সম্ভাবনা থাকে।

(জ) ব্যাংকের সাথে মোকদ্দমা সংক্রান্ত ঝুঁকিঃ

অগ্রণী ব্যাংক লিমিটেড এর বিরুদ্ধে দায়েরকৃত মোকদ্দমা এবং পাল্টা ব্যাংকের দায়েরকৃত হয়রানীমূলক মোকদ্দমাগুলি দীর্ঘদিন নিস্পত্তি না হওয়ায় মিলের স্বাভাবিক কার্যক্রম বাধাগ্রস্থ হচ্ছে। ব্যবস্থাপনা কর্তৃপক্ষ উদ্ভূত ঝুঁকি সম্পর্কে সম্পূর্ণ অবগত আছেন এবং সময়োপযোগী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে ঝুঁকি মোকাবেলায় সচেষ্ট আছেন। বর্তমানে মামলাগুলো দ্রুত নিস্পত্তির জন্য কর্তৃপক্ষ কাজ করে যাচ্ছে।

অস্বাভাবিক লাভ বা ক্ষতিঃ
আলোচ্য অর্থ বছরে কোম্পানীর কোন অস্বাভাবিক লাভ বা ক্ষতি নাই।

মামলা সংক্রান্ত ঃ
কোম্পানীর দায়েরকৃত এবং কোম্পানীর বিরুদ্ধে দায়েরকৃত মামলাসমূহ সংযুক্ত আর্থিক বিবরণীর উদ্ধৃত নোট খ্রীঃ-১৪.০১ তে বিস্তারিতভাবে বলা হয়েছে। এখানে মামলার অগ্রগতি সংক্ষেপে তুলে ধরা হলো;

ব্যাংকের বিরুদ্ধে দায়ের করা মানি সুট মোকদ্দমা খ্রীঃ-০৫/২০১৪ঃ
মাননীয় যুগ্ম জেলা জজ, ৫ম আদালত, ঢাকা মোকদ্দমাটি এখনো চলমান আছে।

পাবনা জেলা জজ অর্থ ঋণ আদালতে মিলের বিরুদ্ধে অগ্রণী ব্যাংকের করা ঋণ খেলাপীর মোকদ্দমা খ্রীঃ ৮৯/২০১৩:
পাবনা অর্থ ঋণ আদালতে ব্যাংকের হয়রানীমূলক দায়েরকৃত মোকদ্দমা খ্রীঃ ৮৯/২০১৩ এখনো আদালতে বিচারাধীন আছে।

সমগোত্রীয় পার্টির সাথে লেনদেনঃ
বাংলাদেশ হিসাব বিজ্ঞান নীতিমালা-২৪ অনুসারে আলহাজ টেক্সটাইল মিলস লিমিটেড এর সমগোত্রীয় পার্টির সাথে লেনদেনসমূহের বিস্তারিত বিবরণ সংযুক্ত আর্থিক বিবরণীর ৩৬ খ্রীঃ নোটে প্রকাশ করা হলো।

প্রাথমিক গণ প্রস্তাবের মাধ্যমে সংগৃহীত অর্থের ব্যবহারঃ
আলোচ্য বছরে গণ প্রস্তাবের মাধ্যমে কোম্পানী কোন অর্থ সংগ্রহ করে নাই।

ইনিসিয়াল পাবলিক অফারিং, রিপিট পাবলিক অফারিং, রাইট অফার, ডাইরেক্ট লিষ্টিং ইত্যাদি থেকে অর্থ বা তহবিল প্রাপ্তির পর কোম্পানীর আর্থিক অবস্থাঃ
বিষয়টি আলহাজ টেক্সটাইল মিলস লিমিটেড এর জন্য প্রযোজ্য নহে। আলহাজ টেক্সটাইল মিলস লিঃ ১৯৬৯ সালে প্রাথমিকগণ প্রস্তাব করে। পরবর্তীতে আর কোন পাবলিক অফারিং, রাইট অফার ডাইরেক্ট লিষ্টিং ইত্যাদি করা হয় নাই।

বার্ষিক আর্থিক বিবরণী ও ত্রৈ-মাসিক আর্থিক অবস্থার বিবরণীর মধ্যে পার্থক্যঃ
বছর জুড়ে প্রকাশিত ত্রৈ-মাসিক আর্থিক বিবরণীসমূহের সাথে বার্ষিক আর্থিক বিবরণীর কোন তারতম্য নেই।

স্বতন্ত্র পরিচালকসহ পরিচালকগণের পারিতোষিকঃ
স্বতন্ত্র পরিচালকগণ পারিতোষিক হিসাবে অন্য সকল পরিচালকগণের ন্যায় প্রতি বোর্ড মিটিং এর ফিস বাবদ ১১,০০০/- টাকা করে পেয়ে থাকেন।

হিসাব বিবরণীর ন্যায় পরায়নতাঃ (আর্থিক প্রতিবেদনের উপর পরিচালকগণের বিবৃতি)

(১) ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণীসমূহে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা, পরিচালনাগত ফলাফল, নগদ প্রবাহ ও মূলধনের পরিবর্তন সঠিকভাবে উপস্থাপন করা হয়েছে।

(২) কোম্পানীর আর্থিক হিসাবের দলিলাদি যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে।

(৩) আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকালে যথোপযুক্ত হিসাব নীতিসমূহ ধারাবাহিকভাবে প্রয়োগ করা এবং হিসাবগত পরিমাপসমুহ ন্যায়সংগত এবং স্বতঃসিদ্ধভাবে নির্ণয় করা হয়েছে।

(৪) আন্তর্জাতিক হিসাব বিজ্ঞান নীতিমালা (আইএএস) এবং আন্তর্জাতিক আর্থিক প্রতিবেদন নীতিমালা (আইএফআরএস) যথাযথভাবে আর্থিক বিবরণী প্রস্তুতের সময় অনুসরণ করা হয়েছে এবং কোথাও কোন ব্যত্যয় থাকলে তাহাও প্রকাশ করা হয়েছে। প্রতিপালিত আইএএস/আইএফআরএস এর একটি তালিকা নীরিক্ষা হিসাবের ২.০৮ খ্রীঃ নোটে প্রদান করা হয়েছে।

(৫) কোম্পানীর আভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সুসংহত ও কার্যকরভাবে বাস্তবায়ন করা হয়েছে যা অডিট কমিটি তাদের প্রত্যেক সভায় এবং পরিচালনা পর্ষদ ত্রৈ-মাসিক ভিত্তিতে পর্যাবেক্ষণ করে থাকেন।

(৬) ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আলহাজ টেক্সটাইল মিলস লিঃ এর সংখ্যালঘু শেয়ারহোল্ডারগণের স্বার্থ রক্ষার্থে সম্পূর্ণভাবে আন্তরিক।

(৭) কোম্পানীর চলমান অস্তিত্বের সামর্থের ক্ষেত্রে কোনরূপ তাৎপর্যপূর্ণ সন্দেহের অবকাশ নাই এবং অবিরত ব্যবসা পরিচালনার জন্য প্রয়োজনীয় আর্থিক সক্ষমতা রয়েছে।

বিগত বছরের এবং তার পূর্ববর্তী বছরের পরিচালনাগত ফলাফলের তুলনামূলক বিশ্লেষণঃ
৩০ জুন'২০২৫ খ্রীঃ তারিখে সমাপ্ত বছরের কোম্পানীর পরিচালনাগত ফলাফল এবং তার পূর্ববর্তী বছরের পরিচালনাগত ফলাফল নিম্নে প্রদর্শিত হলোঃ

(০০০ টাকা হিসাবে)

বিবরণ	২০২৪-২০২৫	২০২৩-২০২৪
বিক্রয়	৩৩০,০৬৯	৩০৯,৪৪২
বিক্রিত পণ্যের উৎপাদন খরচ	৩৪১,১৩০	৩৫৯,৪৫৪
মোট মুনাফা/ক্ষতি	(১১,০৬১)	৫০,০১২
পরিচালনা খরচ সমূহ	২৫,৭৬১	৩১,৩২৯

আর্থিক ব্যয়	৩০,৪১০	৩০,৪১০
পরিচালনা মুনাফা/(ক্ষতি)	(৬৭,২৩২)	(১১১,৭৫২)
অন্যান্য আয়	৩৯,১৬৪	৪২৭,০২৪
নীট অপারেটিং মুনাফা	(২৮,০৬৮)	৩১৫,২৭৩
ডাবলিউ পিপিএফ এবং আয়কর	-	(৭৬,১৫৬)
ডেফার্ড ট্যাক্স আয়/(ব্যয়)	৪১৪	৪২১
কর পরবর্তী নীট মুনাফা/ক্ষতি	(৩৬,৫০১)	২২৪,৫২৪
মোট মুনাফার হার/ক্ষতি হার	(৩.৩৫)	(১৬.১৬)
নীট মুনাফার হার/ক্ষতির হার	(১১.০৬%)	৭২.৫৬%
শেয়ার প্রতি আয় (টাকা)/ক্ষতি	(১.৬৪)	১০.০৭
শেয়ার সংখ্যা	২২,২৯৮,৫৪৯	২২,২৯৮,৫৪৯

বিগত ৫ (পাঁচ) বছরের মূখ্য পরিচালনাগত ও আর্থিক তথ্য

(বিএসইসি নোটিফিকেশন খ্রী:- এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/১৩৪/এডমিন/৪৪ তারিখ ০৭ আগষ্ট, ২০১২ এর উপধারা ১.৫ (xviii) এর শর্ত মোতাবেক।

পরিচালনাগত তথ্যাদিঃ

বিবরণ	৩০-০৬-২০২৫	৩০-০৬-২০২৪	৩০-০৬-২০২৩	৩০-০৬-২০২২	৩০-০৬-২০২১
রেভিনিউ	৩৩০,০৬৮,৭০০	৩০৯,৪৪২,৪২২	৩১৮,৬৫০,২৬৯	৩৫১,৪৭২,৩০৬	১৫২,৪৫৩,৩৬৫
বিক্রিত পণ্যের খরচ	৩৪১,১২৯,৫৭৫	৩৫৯,৪৫৪,৭৫৩	৩০৫,১৩৮,৩৬৭	৩০৮,৮৪৯,১২৩	১৬১,০৩৫,২৩৭
গ্রস মুনাফা/ক্ষতি	(১১,০৬০,৮৭৫)	(৫০,০১২,৩৩১)	১৩,৫১১,৯০২	৪২,৬২৩,১৮৩	(৮,৫৮১,৮৭২)
পরিচালনা ব্যয়	২৫,৭৬০,৫২২	৩১,৩২৯,৬৯৬	২০,৪৬৮,৪২৫	১৬,৪২১,০৯২	১৬,৬৩৬,৩১৩
ফিন্যানসিয়াল এক্সপেন্সেস	৩০,৪১০,২০৮	৩০,৪১০,২০৮	৩০,৪১০,২০৮	৩৬,৩৪৩,০৭৭	-
অপারেটিং মুনাফা/ক্ষতি	(৩৬,৮২১,৩৯৭)	(৮১,৩৪২,০২৭)	(৬,৯৫৬,৫২৩)	২৬,২০২,০৯১	(২৫,২১৮,১৮৫)
অন্যান্য খাতে আয়	৩৯১৬৩৭৫৯	৪২৭,০২৪,৯৬২	৩২,৩৪১,৩৬৬	৩৯,৭৩০,৬৫৭	৩৯,৮২১,৩৮৫
কর পূর্ব মুনাফা	(২৮,০৬৭,৮৪৬)	৩১৫,২৭২,৭২৭	(৫,০২৫,৩৬৫)	২৮,১৮০,৬৩৯	১৩,৯০৭,৮১০
কর পরবর্তী মুনাফা	(৩৬,৫০১,১৩১)	২২৪,৫২৩,৮৮৩	(১৭,৩৩১,৩৫১)	২০,২৬৮,৭১৮	৫,৭৫৫,৩৩৪
শেয়ার প্রতি আয়	(১.৬৪)	১০.০৭	(০.৭৮)	০.৯১	০.২৬
শেয়ার প্রতি নিট সম্পদ মূল্য	১৬.৩৮	১৮.৫২	৮.৪৫	৯.৫২	৮.৬১
লভ্যাংশ ঘোষণা	৩% নগদ	৫% নগদ ৩৫% ষ্টক	০%	৩%	১%

আর্থিক তথ্যাদিঃ

বিবরণ	৩০-০৬-২০২৫	৩০-০৬-২০২৪	৩০-০৬-২০২৩	৩০-০৬-২০২২	৩০-০৬-২০২১
অনুমোদিত মূলধন	৫০০,০০০,০০০	৫০০,০০০,০০০	৫০০,০০০,০০০	৫০০,০০০,০০০	৫০০,০০০,০০০
পরিশোধিত মূলধন	২২২,৯৮৫,৪৯০	২২২,৯৮৫,৪৯০	২২২,৯৮৫,৪৯০	২২২,৯৮৫,৪৯০	২২২,৯৮৫,৪৯০
সংরক্ষিত আয় বিবরণী	১২২,৭৪৩,২৫৮	১৬৯,৯০৬,৪১৬	(৫৫,১৫০,৭৭৯)	(৩১,৮৬৮,৫৭৪)	(৫২,৯৬৫,৯১৮)
শেয়ারের অভিহিত মূল্য	১০	১০	১০	১০	১০
চলতি সম্পদ	৭১৮,৩০৯,৩৫৯	৭৭১,৯২০,৯১০	৮৮৫,০৬২,১০২	৮৬৩,৪৮৩,৪৯১	৭৯৭,৫৫৪,১৬৬
চলতি দায়	১৮৮,৮২০,৩১৪	১৭৪,৯৯৮,৯২০	৫৪৭,৭৪৫,৪৯০	৫৩৮,৯৩৫,৪৪৮	৫৩৫,০১১,৮৭১
প্রফিট মার্জিন অন সেলস	(১১.০৬%)	৭২.৫৬%	(৫.৪৪%)	৫.৭৭%	৩.৭৮%
কুইক রেশিও	২.৭৩:১	৩.১৮:১	১.১৩:১	১.২২:১	১.৩২:১
কারেন্ট রেশিও	৩.৮০:১	৪.৪১:১	১.৬২:১	১.৬০:১	১.৪৯:১
প্রাইজ আর্নিং রেশিও	(৯১.৪৫)	১৪.৮৭	(২২০.৯০)	১৩১.৩৬	১৬৬.২১
ডেব্‌ট্ টু ইকুইটী রেশিও	১.১২:১	১.০১:১	৭.২৩:১	৩.৩৯:১	৩.৫৪:১
রিটার্ন অন টোটাল এ্যাসেট	(৪.৭২%)	২৭.১২%	(১.৮৩%)	২.১৮%	০.৬৬%
রিটার্ন অন ইকুইটি রেশিও	(৯.৯৯%)	৫৪.৩৮	(৯.২০%)	৯.৫৪%	৩.০০%
মোট শেয়ার সংখ্যা	২২,২৯৮,৫৪৯	২২,২৯৮,৫৪৯	২২,২৯৮,৫৪৯	২২,২৯৮,৫৪৯	২২,২৯৮,৫৪৯
শেয়ার হোল্ডার সংখ্যা	২,৪২০	২,২১১	২,৭৬১	২,৫৮৮	৩,৯৯৫

লভ্যাংশঃ

৩০শে জুন'২০২৫ সমাপ্ত বছরের কোম্পানীর কর পরবর্তী লোকসান হয়েছে (৩৬,৫০১,১৩১) টাকা। তারপরে ও সম্মানিত শেয়ারহোল্ডারদের জন্য ৩% নগদ লভ্যাংশ ঘোষণার সুপারিশ করেছেন। লভ্যাংশ ৪৩তম বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারগণের অনুমোদনের জন্য উপস্থাপন করা হবে।

মুনাফা ও তার বন্টনঃ (০০০ টাকা হিসাবে)

মুনাফার বণ্টন পরিচালনাগত	৩০-০৬-২০২৫	৩০-০৬-২০২৪
কর পূর্ববর্তী কার্যকরী নীট মুনাফা/ক্ষতি	(৬৭,২৩২)	(১১১,৭৫২)
ব্যাংক হইতে প্রাপ্ত সুদ	৩৬,৩০৩	৪২৬,০১২
সিডিবিএল হইতে প্রাপ্ত লভ্যাংশ	১,০০০	১,০০০
অন্যান্য আয়	১,৮৬১	১৩
ডাব্লিউ পি.পি.এফ	-	১৫,০১৩
আয়কর	(৮,৮৪৭)	(৭৬,১৫৬)
যোগঃ বিলম্বিত কর	৪১৪	৪২১
কর পরবর্তী নীট মুনাফা	(৩৬,৫০১)	২২৪,৫২৪
পূর্বক্ত বছরের লভ্যাংশ বন্টন পরবর্তী অবন্টনকৃত মুনাফার ইজা (বিএফ)	১৬৯,৯০৬	(৫৫,১৫১)
যোগঃ		
পূর্ববর্তী বছরের খরচ সমন্বয় বাবদ আয়	-	-
পুনর্মূল্যায়নকৃত সম্পত্তির অবচয়	৪৮৭	৫৩৩
২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ঘোষিত লভ্যাংশ: ক্যাশ ডিভিডেন্ড: ৫%	(১১,১৪৯)	
বন্টনযোগ্য মুনাফা/ক্ষতি	১২২,৭৪৩	১৬৯,৯০৬

পরিচালকদের নাম	পরিচালনা পর্ষদের সভা		নিরীক্ষা কমিটির সভা		মনোনয়ন এবং পারিতোষিক কমিটির সভা		মন্তব্য
	মোট অনুষ্ঠিত সভা	উপস্থিতি	মোট অনুষ্ঠিত সভা	উপস্থিতি	মোট অনুষ্ঠিত সভা	উপস্থিতি	
জনাব মোঃ বখতিয়ার রহমান, চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)	৫	৫	১	-	১	১	
জনাব মোঃ তালহা, পরিচালক	৫	-	১	-	১	-	
জনাব মোঃ আব্দুল্লাহ বোখারী, পরিচালক	৫	-	১	-	১	-	
জনাব মোঃ সাইদুল ইসলাম, পরিচালক	৫	৫	১	১	১	-	
জনাব খোদেজা খাতুন, পরিচালক	৫	৪	১	-	১	১	
জনাব মোঃ হারুন অর রশিদ, পরিচালক	৫	৫	১	১	১	-	
জনাব মোহাম্মদ মিজানুর রহমান ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও (ভারপ্রাপ্ত)	৫	৫	১	-	১	-	০৩-০৩-২০২৪ইং থেকে ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও (ভারপ্রাপ্ত) হিসেবে দায়িত্ব পালন করছেন।
জনাব মোঃ জয়নুল আবেদীন চৌধুরী পরিচালক	৫	৩	১	-	১	১	
জনাব ফয়জুল মতিন স্বতন্ত্র পরিচালক	৫	৫	১	১	১	১	
জনাব মোঃ মনিরুল ইসলাম স্বতন্ত্র পরিচালক	৫	৫	১	১	১	১	

অডিট কমিটির প্রতিবেদন পরিশিষ্ট- ১ এ দেখানো হলো।

মনোনয়ন এবং পারিতোষিক কমিটির প্রতিবেদন পরিশিষ্ট-২ এ দেখানো হলো।

শেয়ার হোল্ডিং তথ্য নিরীক্ষণঃ

৩০ জুন, ২০২৫ খ্রী: তারিখের শেয়ারহোল্ডিং এবং অন্যান্য আনুষঙ্গিক তথ্য নিম্নে উপস্থাপন করা হলোঃ

(ক) মূল কোম্পানী/সহায়ক কোম্পানী/সহযোগী কোম্পানী এবং অন্যান্য সম্পর্কিত কোম্পানী- প্রযোজ্য নয়।

পরিচালকবৃন্দ, সিইও, কোম্পানী সচিব, চীফ ফিন্যানসিয়াল অফিসার, হেড অব ইন্টারনাল অডিটগণের শেয়ারের পরিমাণ নিম্নে প্রদত্ত হইল-

(১) (ক) পরিচালকবৃন্দঃ

ক্রমিক নং:	নামের তালিকা	ধারণকৃত শেয়ার সংখ্যা	শতকরা হার	স্ত্রীর নাম	ধারণকৃত শেয়ার সংখ্যা	শতকরা হার
১	জনাব মোঃ তালহা	৪৪৬,৬২৯	২.০০%	খাজা সকিনা বানু	১,০২৫,৩০৭	৪.৬০%
২	জনাব মোঃ আব্দুল্লাহ বোখারী	৮৪৩,৬৪৩	৩.৭৮%	মিসেস আতিয়া বোখারী	১৫০	-
৩	জনাব মোঃ সাইদুল ইসলাম	৭৬৮,০৭২	৩.৪৪%	মিসেস রাবেয়া আক্তার ডেইজি	২৬,২৬৯	০.১২%
৪	জনাব মোঃ বখতিয়ার রহমান	৭২৫,৭৯৮	৩.২৫%	মিসেস শিরিনা রহমান	-	-
৫	জনাব খোদেজা খাতুন	৪৪৬,০০০	২.০০%	মৃত মোঃ সোহরাওয়ার্দী	-	-
৬	জনাব মোঃ হারুন অর রশিদ	১,২২৪,৪০২	৫.৪৯%	মিসেস শাহনাজ রশিদ	-	-
৭	জনাব মোহাম্মদ মিজানুর রহমান	১,১৯৫,৪৯৯	৫.৩৬%	মিসেস আফরিনা রহমান	-	-
৮	জনাব মোঃ জয়নুল আবেদীন চৌধুরী	১,১১৯,৩৯৩	৫.০২%			
		৬,৭৬৯,৪৩৬	**৩০.৬৫%**		**১,০৫১,৭২৬**	**৪.৭২%**

(খ) স্বতন্ত্র পরিচালকবৃন্দঃ

১	জনাব ফয়জুল মতিন স্বতন্ত্র পরিচালক	(বিএসইসি কর্তৃক অনুমোদিত ০৮-১০-২০২৫ইং)
২	জনাব মোঃ মনিরুল ইসলাম স্বতন্ত্র পরিচালক	(বিএসইসি কর্তৃক অনুমোদিত ০৮-১০-২০২৫ইং)

(২) সিএস, সিএফও, হেড অব ইন্টারনাল অডিটঃ

নামের তালিকা	পদবী	ধারণকৃত শেয়ার সংখ্যা	শতকরা হার	স্ত্রীর নাম	ধারণকৃত শেয়ার সংখ্যা	শতকরা হার
জনাব অমিত কুমার দে	কোম্পানী সচিব (ভারপ্রাপ্ত-২৫-০৬-২০২৬ থেকে)	-	-	মিসেস সুমিতা রানী দাস	-	-
জনাব মোঃ জালাল উদ্দিন	চীফ ফিন্যান্সিয়াল অফিসার (ভারপ্রাপ্ত)			মিসেস আসমা আক্তার		
জনাব মোঃ খলিলুর রহমান	হেড অব ইন্টারনাল অডিট (ভারপ্রাপ্ত)	-	-	মিসেস রুমানা ইয়াসমিন (বৃষ্টি)	-	-

(৩) পরিচালকবৃন্দ, সিইও, কোম্পানী সচিব, চীফ ফিন্যান্সিয়াল অফিসার, হেড অব ইন্টারনাল অডিট ব্যতিত উচ্চ বেতনভোগী কর্মকর্তাঃ

ক্রমিক নং	নামের তালিকা	পদবী	ধারণকৃত শেয়ার সংখ্যা	শতকরা হার
১	জনাব মোঃ আক্তারুজ্জামান	উপ-মহাব্যবস্থাপক (উৎপাদন ও যান্ত্রিক)	-	-

(৪) শেয়ারহোল্ডিং ১০% অথবা তদোর্ধ স্বার্থযুক্ত পক্ষ- কেউ নেই।

পরিচালক নির্বাচন/পুন:নির্বাচনঃ

সংঘবিধির ৫০ অনুচ্ছেদ অনুসারে পরিচালকগণ- জনাব মোঃ বখতিয়ার রহমান, জনাব খোদেজা খাতুন এবং জনাব মোঃ হারুন অর রশিদ অবসর গ্রহণ করেছেন এবং পুনঃনির্বাচিত হওয়ার যোগ্য বিধায় পরিচালনা পর্ষদ পরিচালকবৃন্দের নির্বাচন/পুন:নির্বাচনের সুপারিশ করেন।

হিসাব নিরীক্ষক নিয়োগঃ

কোম্পানীর বর্তমান হিসাব নিরীক্ষক ফার্ম "Hoque Bhattacharje Das & Co", Chartered Accountants, জেবুন ইনডেক্স ট্রেড সেন্টার (৯ম তলা), ১৯১, শহীদ নজরুল সরণি, ৪, বিজয়নগর, ঢাকা-১০০০, ২০২৪-২০২৫ সালের কোম্পানীর হিসাব নিরীক্ষক হিসাবে অডিট কার্য পরিচালনা করেছেন। ফার্মটি প্রথমবার অডিট কার্য সফলভাবে পরিচালনা করায় এবং আগামী ২০২৫-২০২৬ইং সালের জন্য কোম্পানীর অডিট কার্য পরিচালনার জন্য পুন:নিয়োগের যোগ্য বিধায় "Hoque Bhattacharje Das & Co., Chartered Accountants", জেবুন ইনডেক্স ট্রেড সেন্টার (৯ম তলা), ১৯১, শহীদ নজরুল সরণি, ৪, বিজয়নগর, ঢাকা-১০০০'কে ২০২৫-২০২৬ হিসাব বছরের জন্য ২,১০,০০০.০০ (দুই লক্ষ দশ হাজার) টাকা ফি নির্ধারণ করে ৪৩তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদন সাপেক্ষে কোম্পানীর অডিটর হিসাবে নিয়োগের প্রস্তাব করা হচ্ছে।

কর্পোরেট গভর্নেন্স কোড কমপ্ল্যায়েন্স অডিটর নিয়োগঃ

কর্পোরেট গভর্নেন্স কোড সম্পর্কে বিএসইসি নোটিফিকেশন খ্রী: বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এ্যাডমিন/৮০ তারিখ ৩ জুন ২০১৮ খ্রী: যাহা ১০ জুন, ২০১৮ খ্রী:তারিখের গেজেটে প্রকাশিত হয়েছে যার ৯(২) উপধারা মোতাবেক কমপ্ল্যায়েন্স অডিট অব কর্পোরেট গভর্নেন্স কোড এর অডিটর নিযুক্তির জন্য অডিটর ফার্ম HARUNER RASHID & ASSOCIATES, Chartered Secretaries & Management Consultants, ১৫২/১, তেজকুনি পাড়া, তেজগাঁও, ঢাকা এর নিকট হতে কর্পোরেট গভর্নেন্স কোড কমপ্ল্যায়েন্স অডিটর নিয়োগ প্রাপ্তির আবেদন পাওয়া গেছে। পরিচালনা পর্ষদের ২২শে জুলাই ২০২৬ইং তারিখে অনুষ্ঠিত পর্ষদ সভায় HARUNER RASHID & ASSOCIATES, Chartered Secretaries & Management Consultants, ১৫২/১, তেজকুনি পাড়া, তেজগাঁও, ঢাকা কে ২০২৪-২০২৫ খ্রী: সালের জন্য ৪০,০০০.০০ (চল্লিশ হাজার) টাকা ফি নির্ধারণ করে ৪৩তম বার্ষিক সাধারণ সভায় অনুমোদন সাপেক্ষে কোম্পানীর অডিটর হিসাবে নিয়োগের প্রস্তাব করেছেন।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষীয় আলোচনা ও বিশ্লেষণঃ

কর্পোরেট গভর্নেন্স কোডের শর্ত মোতাবেক কোম্পানীর অবস্থা এবং কার্যক্রমসমূহ এবং আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকালে যথোপযুক্ত হিসাব নীতিসমূহ ধারাবাহিকভাবে প্রয়োগ করা হয়েছে এবং হিসাবগত পরিমাপসমূহ ন্যায়সঙ্গত এবং স্বতঃসিদ্ধভাবে নির্ণয় করা হয়েছে। আর্থিক বিবরণীসমূহ প্রস্তুতকালে নিম্নবর্ণিত আন্তর্জাতিক হিসাব মানসমূহ এবংআন্তর্জাতিক ফিন্যানসিয়াল রিপোর্টিং ষ্ট্যান্ডার্ড্স প্রতিপালিত হয়েছে যার তালিকা নিম্নে প্রদত্ত হলোঃ

আইএএস-১	আর্থিক বিবরণী সমূহ উপস্থাপনা
আইএএস-২	মজুদ
আইএএস-৭	নগদ প্রবাহের বিবরণী
আইএএস-৮	হিসাব নীতিতে হিসাবের অনুমান ও ত্রুটিসমূহের পরিবর্তন
আইএএস-১০	আর্থিক বিবরণী সমূহ প্রদানের তারিখের পরবর্তী ঘটনা সমূহ
আইএএস-১২	আয়কর
আইএএস-১৪	সেগমেন্ট রিপোর্টিং
আইএএস-১৬	সম্পত্তি, প্ল্যান্ট এবং সরঞ্জামাদি
আইএএস-১৯	কর্মকতা/কর্মচারীদের সুবিধাসমূহ
আইএএস-২১	বৈদেশিক বিনিময় হারের পরিবর্তনের প্রভাব
আইএএস-২৩	বরোয়িং কষ্ট
আইএএস-২৪	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিবরণ
আইএএস-৩২	আর্থিক উপকরণ প্রস্তুতি
আইএএস-৩৩	শেয়ার প্রতি আয়
আইএএস-৩৪	অন্তবর্তিকালীন আর্থিক প্রতিবেদন
আইএএস-৩৬	সম্পদের ব্যবহার জনিত ক্ষতি
আইএএস-৩৭	সঞ্চিতি সম্ভাব্য দায় এবং সম্ভাব্য সম্পদসমূহ
আইএএস-৩৮	অদৃশ্য সম্পত্তি
আইএফআরএস-৭	আর্থিক উপকরণ প্রকাশ
আইএফআরএস-৯	আর্থিক উপকরন
আইএফআরএস-১৫	গ্রাহকদের সাথে চুক্তি থেকে আয়

৩০ জুন, ২০২৫ খ্রী: তারিখে প্রস্তুতকৃত আর্থিক বিবরণীসমূহে হিসাবনীতি, পরিমাপ ও অনুমানের কোন পরিবর্তন আনা হয় নাই। চলতি বৎসরের সাথে নিকট পূর্ববর্তী ৫ বৎসরের আর্থিক ফলাফল এবং এতদসঙ্গে নগদ প্রবাহসমূহের পার্থক্যকৃত বিশ্লেষণ, কারণ, ব্যাখ্যাসমূহ নিম্নরূপ-

পরিচালনাগত তথ্যাদিঃ

বিবরণ	৩০-০৬-২০২৫	৩০-০৬-২০২৪	৩০-০৬-২০২৩	৩০-০৬-২০২২	৩০-০৬-২০২১
রেভিনিউ	৩৩০,০৬৮,৭০০	৩০৯,৪৪২,৪২২	৩১৮,৬৫০,২৬৯	৩৫১,৪৭২,৩০৬	১৫২,৪৫৩,৩৬৫
বিক্রিত পণ্যের খরচ	৩৪১,১২৯,৫৭৫	৩৫৯,৪৫৪,৭৫৩	৩০৫,১৩৮,৩৬৭	৩০৮,৮৪৯,১২৩	১৬১,০৩৫,২৩৭
গ্রস মুনাফা/ক্ষতি	(১১,০৬০,৮৭৫)	(৫০,০১২,৩৩১)	১৩,৫১১,৯০২	৪২,৬২৩,১৮৩	(৮,৫৮১,৮৭২)
পরিচালনা ব্যয়	২৫,৭৬০,৫২২	৩১,৩২৯,৬৯৬	২০,৪৬৮,৪২৫	১৬,৪২১,০৯২	১৬,৬৩৬,৩১৩
অপারেটিং মুনাফা/(ক্ষতি)	(৩৬,৮২১,৩৯৭)	(৮১,৩৪২,০২৭)	(৬,৯৫৬,৫২৩)	(১০,১৪০,৯৮৬)	(২৫,২১৮,১৮৫)

অন্যান্য খাতে আয়	৩৯,১৬৩,৭৫৯	৪২৭,০২৪,৯৬২	৩২,৩৪১,৩৬৬	৩৯,৭৩০,৬৫৭	৩৯,৮২১,৩৮৫
কর পূর্ব মুনাফা	(২৮,০৬৭,৮৪৬)	৩১৫,২৭২,৭২৭	(৫,০২৫,৩৬৫)	২৮,১৮০,৬৩৯	১৩,৯০৭,৮১০
কর পরবর্তী মুনাফা	(৩৬,৫০১,১৩১)	২২৪,৫২৩,৮৮৩	(১৭,৩৩১,৩৫১)	২০,২৬৮,৭১৮	৫,৭৫৫,৩৩৪
শেয়ার প্রতি আয়	(১.৬৪)	১০.০৭	(০.৭৮)	০.৯১	০.২৬
শেয়ার প্রতি নিট এ্যাসেটস ভেলু	১৬.৩৮	১৮.৫২	৮.৪৫	৯.৫২	৮.৬১
লভ্যাংশ ঘোষণা	৩% নগদ	৫% নগদ	০%	৩% নগদ	১% নগদ

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা অত্যন্ত সুসংহত ও কার্যকরভাবে বাস্তবায়ন করা হয়েছে। তবে দক্ষ শ্রমিকের অভাব, ডলারের মূল্য হার বৃদ্ধি, বন্ডেড ওয়্যার হাউজের শুল্কমুক্ত পণ্য খোলাবাজারে আসা, আন্তর্জাতিক বাজারে কাঁচা তুলার মূল্য বৃদ্ধি ঘটেছে যা এই শিল্পের জন্য ঝুঁকিপূর্ণ। কোম্পানীর চলমান অস্তিত্বের সামর্থের ক্ষেত্রে কোনরুপ তাৎপর্যপূর্ণ সন্দেহের অবকাশ নাই এবং অবিরত ব্যবসা পরিচালনার জন্য প্রয়োজনীয় আর্থিক সক্ষমতা রয়েছে। কোম্পানীর যথেষ্ট পরিমাণ জায়গা জমি এবং ফ্যাক্টরী বিল্ডিং এর খালি জায়গা থাকা সত্বেও অগ্রণী ব্যাংকের সাথে দীর্ঘদিন যাবৎ মোকদ্দমা নিস্পত্তি না হওয়ার কারণে মিলটির উন্নয়নমূলক কোন কর্মসূচী গ্রহণ করা সম্ভব হয়নি। অগ্রণী ব্যাংকের নিকট মিলের জায়গা জমি, মেশিনারীজ ইত্যাদি মর্গেজ দেওয়া আছে বিধায় বাংলাদেশ ব্যাংকের সিআইবি রিপোর্টে মিলকে ক্ল্যাসিফায়েড হিসাবে রিপোর্ট করা হয়েছে যার ফলে এল.সি ওপেন করার কার্যক্রম বিঘ্নিত হচ্ছে। তবে আমরা আশা করছি যে আগামীতে ব্যাংকের সাথে দেনা-পাওনার বিষয়টি সাফল্যজনকভাবে নিস্পত্তি করা সম্ভব হবে।

ব্যবস্থাপনা পরিচালক এন্ড সিইও এবং সিএফও কর্তৃক প্রদত্ত ঘোষনাপত্র বা প্রত্যয়নপত্র পরিশিষ্ট -৩ এ দেখানো হলো:

প্রাতিষ্ঠানিক পরিচালন প্রক্রিয়ার প্রতিবেদন:

সম্মানিত শেয়ার হোল্ডারগণের সদয় অবগতির জন্য বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন নোটিফিকেশন শ্রী:-বিএসইসি/সিএমআরআর/ সিডি/২০০৬-১৫৮/১৩৪/এ্যাডমিন/৪৪ তারিখ ০৭ আগষ্ট, ২০১২ এর সংশোধিত নোটিফিকেশন শ্রী:-বিএসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এ্যাডমিন/৮০ তারিখ ০৩ জুন, ২০১৯ এর শর্তাবলী যথাযথভাবে পরিপালন করা হয়েছে যার নীরিখে কর্পোরেট গভর্ন্যান্স প্রতিবেদন চার্টার্ড একাউন্ট্যান্টস্ ফার্ম দ্বারা নিরীক্ষিত এবং প্রত্যায়িত যা সংযুক্ত পরিশিষ্ট ৪ এবং ৫ তে দেখানো হলো।

স্বার্থ সংশ্লিষ্ট দ্বন্দ্বঃ

আলহাজ টেক্সটাইল মিলস লিঃ এর বোর্ডের চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ এবং ব্যবস্থাপনা পরিচালক এমন কোন কার্যে বা লেনদেন এ জড়িত হবেন না যা কোম্পানির স্বার্থের সাথে দ্বন্দ্ব তৈরি করে বা করতে পারে। তারা এমন কোন পদ গ্রহণ বা চুক্তির সাথে যুক্ত হবেন না যা কোম্পানির এবং সংখ্যালঘু শেয়ারহোল্ডারগনের স্বার্থের জন্য ক্ষতিকর। দ্বন্দ্ব তৈরী করে বা করতে পারে এ ধরনের পরিস্থিতি তৈরী হওয়ার সাথে সাথেই তা আইন মোতাবেক প্রকাশ করা হবে।

আচরণ ও ব্যবহারের ক্ষেত্রে বিচক্ষণশীলতাঃ

বোর্ড এর চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ, এবং ব্যবস্থাপনা পরিচালক তাদের দায়িত্ব ও কর্তব্য পালনের ক্ষেত্রে এবং কোম্পানির ও সংখ্যালঘু শেয়ারহোল্ডারগণের স্বার্থ রক্ষার ক্ষেত্রে সব সময় সর্বোচ্চ সততা, নৈতিকতা এবং সৎ অভিপ্রায় বজায় রাখবেন।

বিধিবদ্ধ রীতি, আইন ও নিয়ম পালনের ক্ষেত্রেঃ

বোর্ড এর চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ, এবং ব্যবস্থাপনা পরিচালক তাদের জন্য প্রযোজ্য বিধি, আইন ও নিয়মের প্রতি অনুগত থাকবেন এবং একই সাথে বোর্ড কর্তৃক সময় সময় অনুমোদিত অভ্যন্তরীন বিধি ও নিয়মনীতি প্রতিপালন করবেন।

ইনসাইডার ট্রেডিং বিধি-নিষেধঃ

বোর্ড এর চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ এবং ব্যবস্থাপনা পরিচালক, গোপনীয়তা ও ইনসাইডার ট্রেডিং এর বিধিনিষেধ সংক্রান্ত কার্যক্রম ও তা প্রতিপালনে তাদের দ্বায়িত্ব ও কর্তব্যসহ সকল প্রযোজ্য প্রণীত আইন ও নিয়মসমূহ প্রতিপালন করবেন এবং কোম্পানী কর্তৃক প্রণীত ও সময়ে সময়ে সংশোধিত কোম্পানীর ইনসাইডার ট্রেডিং ম্যানুয়াল এর অনুসরণ করবেন। অপ্রকাশিত প্রাইস সেনসিটিভ তথ্যের উপর ভিত্তি করে কোম্পানীর সিকিউরিটিজ ক্রয়-বিক্রয় সংক্রান্ত বিধিনিষেধ এবং এ ধরনের তথ্য কারো কাছে (আত্মীয় সহ) প্রকাশের ক্ষেত্রে বিধিনিষেধ ও এর অন্তর্ভূক্ত হবে।

পরিবেশ, কর্মী, গ্রাহক ও সাপ্লাইয়ার এর সাথে সম্পর্কঃ

বোর্ড এর চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ এবং ব্যবস্থাপনা পরিচালক, কোম্পানির পরিবেশ, কর্মকর্তা/কর্মচারী, গ্রাহক ও সাপ্লাইয়ার এর ক্ষেত্রে প্রযোজ্য বিধি, আইন ও নিয়মনীতি অনুসরণ করা হচ্ছে কিনা সে বিষয়ে মূল্যায়ন করবেন। তারা আইন অনুসারে প্রতিদ্বন্দ্বী, কর্মকর্তা/কর্মচারী, গ্রাহক ও সাপ্লাইয়ার এর সাথে নায্য আচরণ করবেন।

স্বাধীনতাঃ

বোর্ড এর চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ এবং ব্যবস্থাপনা পরিচালক তাদের উপর অর্পিত দ্বায়িত্ব ও কর্তব্য পালনের ক্ষেত্রে আইন অনুসারে কোম্পানীর স্বার্থ রক্ষার জন্য সর্বোচ্চ একাগ্রতা, অঙ্গীকার এবং স্বাধীনভাবে তাদের উপর ন্যস্ত দ্বায়িত্ব পালনে সচেষ্ট থাকবেন।

গোপনীয়তাঃ

বোর্ড এর চেয়ারম্যান, অন্যান্য পরিচালকবৃন্দ এবং ব্যবস্থাপনা পরিচালক এমন তথ্যের গোপনীয়তা রক্ষা করবেন যা সর্বসাধারনের কাছে প্রকাশের ক্ষেত্রে আইনগত বাধা রয়েছে বা তাদের উপর উক্ত তথ্যের গোপনীয়তা রক্ষা করার দায়িত্ব বর্তায়, যতক্ষণ না তারা আইনগতভাবে উক্ত তথ্য প্রকাশের জন্য অনুমোদিত হন।

বিধির সংশোধনঃ

কোম্পানীর পরিচালনা পর্ষদ নমিনেশন ও রিমিউনারেশন কমিটির সুপারিশক্রমে কোম্পানীর জন্য প্রযোজ্য বিধি সময় সময় সংশোধন বা পরিবর্তন করতে পারবেন।

মেয়াদী ঋণ পরিশোধঃ

বর্তমান পরিচালনা পর্ষদ ব্যাংকের সাথে দেনা-পাওনার বিষয়টি অর্থঋণ আদালত পাবনায় দায়েরকৃত ব্যাংকের মামলা নং-৮৯/১৩ আদালতে এবং আদালতের বাইরেও নিষ্পত্তির জন্য ব্যাংকের সাথে আলোচনা করছে। ঋণ নিষ্পত্তির জন্য নিরলসভাবে কাজ করছেন এবং সচেষ্ট রয়েছেন।

সামাজিক দায়বদ্ধতা:

সামাজিক দায়িত্ব এবং দায়বদ্ধতা থেকে আলহাজ টেক্সটাইল মিলস লিমিটেডের পক্ষ থেকে ২০২৪-২০২৫ খ্রীঃ অর্থ বছরে মিলের শ্রমিকদের জন্য রমজান মাসে ইফতারের ব্যবস্থা এবং কোরবানীর ঈদে গরু কোরবানি করে তা শ্রমিকদের মধ্যে বিতরণ করে।

পরিবেশ রক্ষায় সহায়তাঃ

কোম্পানী পরিবেশ রক্ষায় সচেতন রয়েছে। মিল এলাকায় পতিত জমিতে ফলাদি ও বনজি বৃক্ষরোপণ করে পরিবেশ রক্ষায় সহায়তা করেছে। এছাড়াও বর্তমানে মিল অভ্যন্তরিন অতিথি পাখি সহ দেশীয় পাখির নিরাপদ অভয়ারণ্য গড়ে উঠেছে।

বাংলাদেশ শ্রম আইনের আওতায় শ্রমিক/কর্মচারীগনকে দেয় সুবিধাঃ

বাংলাদেশ শ্রম আইনের আওতায় কোম্পানীতে শ্রমিক (কর্মচারী) অংশগ্রহণ তহবিল ও কল্যাণ তহবিল, উৎসব বোনাস, দূর্ঘটনা বীমা, মেডিকেল ফ্যাসিলিটিজ, ক্যান্টিন সুবিধা, প্রসুতী কল্যাণ সুবিধা, ডে কেয়ার ফ্যাসিলিটিজ ইত্যাদি সুবিধা চালু রাখা হয়েছে।

পরিচালক মন্ডলীর মন্তব্য ও স্বীকৃতিঃ

সাম্প্রতিক বছরগুলোতে ব্যাংক ঋণকে কেন্দ্র করে আদালতের মামলাজনিত উদ্ভূত পরিস্থিতি এবং তার ফলে দীর্ঘদিন ফ্যাক্টরী বন্ধ থাকার কারণে শেয়ারহোল্ডারগণ তাঁদের প্রত্যাশা মোতাবেক লভ্যাংশ পাননি। তারপরও শেয়ারহোল্ডারগণ ধৈয্য ধারণ করেছেন এবং কোম্পানীর প্রতি আস্থা অব্যাহত রেখেছেন। এ জন্য পরিচালনা পর্ষদ শেয়ারহোল্ডারগণের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপণ করছে। বর্তমানে মিল চালু থাকলেও ঋণপত্র খোলার সুবিধা না পাওয়ার কারণে উচ্চ দরে স্থানীয় ভিত্তিতে কাঁচামাল ও প্রয়োজনীয় যন্ত্রাংশ সংগ্রহ করতে হচ্ছে, যাতে খরচ বেশী পড়ছে। সে অবস্থা থেকে উত্তরণে পুণর্গঠিত পরিচালনা পর্ষদ তাঁদের চেষ্টা অব্যাহত রেখেছেন যাতে করে সমঝোতার ভিত্তিতে ব্যাংকের সাথে আপোষরফা করে মামলা নিস্পত্তি করা সম্ভব হয়। আশা করি সংশ্লিষ্ট সকলে সহযোগীতায় অদূর ভবিষ্যতে তা করা সম্ভব হবে।

বর্তমান পরিচালনা পর্ষদ কোম্পানীর সকল ক্লায়েন্ট, তুলা সরবরাহকারী, সুতার ক্রেতা ও ব্যবহারকারীগণকে তাঁদের অব্যাহত সহযোগীতার জন্য ধন্যবাদ জানাচ্ছে। সেই সাথে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছে বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা ষ্টক এক্সচেঞ্জ পিএলসি, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঈশ্বরদী এবং বাংলাদেশ জেনারেল ইন্সুরেন্স কোম্পানী লিঃ কে তাদের সহযোগিতার জন্য ।

পরিশেষে কোম্পানীর সকল কর্মকর্তা, কর্মচারী ও সর্বস্তরের শ্রমিকগণকে তাদের একান্ত সহযোগীতার জন্য পরিচালক মন্ডলী ধন্যবাদ জানাচ্ছে।

পরম করুণাময় আল্লাহতা'লার কাছে আগামী বছরগুলোতে কোম্পানীর উত্তরোত্তর অগ্রগতি ও সমৃদ্ধি কামনা করছি।

আল্লাহ হাফেজ।

পরিচালক মন্ডলীর পক্ষে,

(মোঃ বখতিয়ার রহমান)
চেয়ারম্যান-ভারপ্রাপ্ত